গাংনীতে অনৈতিক কর্মকান্ডের অভিযোগে দুজন আটক

মেহেরপুরের গাংনীতে অনৈতিক কর্মকান্ডের অভিযোগে জোসনা খাতুন
(৩০) নামের এক মহিলা সহ দুজনকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার মধ্যে রাতে উপজেলার মটমুড়া ইউনিয়নের সিন্দুরকোটা গ্রাম থেকে তাদের আটক করে পুলিশ। জোসনা খাতুন গাংনী পৌর এলাকার বাঁশবাড়িয়া গ্রামের আবুল হোসেনের স্ত্রী ও সদর উপজেলার কুলবাড়িয়া নিশ্চিন্তপুর গ্রামের হামিদুল ইসলামের ছেলে।

কুমারীডাঙ্গা পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই আব্দুল আলিম জানান, সিন্দুরকোটা গ্রামের লালু মিয়ার ছেলে দাখিলের বাড়িতে জোসনা খাতুন ও ছাতিয়ান গ্রামের বিল্লাল হোসেনের ছেলে জাহিরুল ইসলাম অনৈতিক কর্মকান্ডে লিপ্ত হয়েছে এমন সংবাদের ভিত্তিতে স্থানীয়রা ঐ বাড়িতে অবস্থান নেয়।

স্থানীয়দের উপস্থিতি টের পেয়ে জাহিরুল ইসলাম পালিয়ে গেলেও জোসনা ও বাড়ি মালিক দাখিলকে আটক করে। পরে পুলিশকে খবর দিলে তাদের দুজনকে গাংনী থানায় সোপর্দ করা হয়।

তিনি আরো জানান, তৃপ্তি নামের এক মহিলাকে যৌন নির্যাতনের অভিযোগে গত ১০ আগষ্ট ছাতিয়ান গ্রামের বিল্লাল হোসেনের ছেলে জাহিরুল ইসলামের নামে একটি মামলা দায়ের হয়। মামলা হওয়ার পর থেকে সে পলাতক ছিলো।

জোসনার স্বামী আবুল হোসেন বলেন, কুমারীডাঙ্গা পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই আব্দুল আলিম তাকে মোবাইল ফোনে জানায় জোসনা খাতুন অনৈতিক কাজ করতে গিয়ে জনতার হাতে আটকের পর সে পুলিশ হেফাযতে রয়েছে। তিনি আরো জানান, মঙ্গলবার সকাল ১০ টার সময় বাবার বাড়ি যাওয়ার নাম করে সে বাড়ি থেকে বের হয়।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, আটকৃত জোসনা খাতুন ও জাহিরুল ইসলাম কে তাদের পরিবারের জিম্মায় মুক্তি দেয়া হয়েছে।

গাংনীতে কাঁচা মরিচের দাম আকাশচুম্বি, ক্রেতাদের নাভিশ্বাস!

ক্রমেই অস্থিতিশীল হয়ে উঠছে কাঁচা মরিচের বাজার। গত এক সপ্তাহের ব্যবধানে গাংনীতে খুচরা বাজারে মরিচের দাম বেড়েছে কেজিতে ৩০ টাকা। বর্তমানে খুচরা বিক্রি হচ্ছে ২৪০ টাকা থেকে ২৫০ টাকা। তবে আড়তে কৃষকরা তাদের উৎপাদিত মরিচ বিক্রি করছে ১৭০ টাকা কেজি।

এতে মধ্য স্বত্বভোগী আড়তদার ও ব্যবসায়িরা লাভবান হচ্ছেন। এদিকে দেশের বাজারে কাঁচামরিচের সরবরাহ স্বাভাবিক এবং দাম নাগালের মধ্যে রাখতে বাজারে ◌্এলসি কাঁচামরিচ আমদানী করা হবে বলে জানিয়েছেন ব্যবসায়িরা। ব্যাবসায়ী ও উৎপাদনকারীরা হাঁসিতে ভাসলেও মরিচের ঝালে চোখ মুছতে হচ্ছে ক্রেতাদের।

গাংনী উপজেলা কৃষি অফিস সুত্রে জানা গেছে, চলীত মৌসুমে উপজেলায় দেড় হাজার হেক্টর জমিতে কাঁচা মরিচের চাষ করা হয়। অনুকুল আবহাওয়া আর ভাল দাম পাওয়ায় চাষিরা মরিচ চাষের উপর ঝুঁকে পড়েছে। আগামীতে আরো বেশী চাষ করার প্রস্তুতিও নিয়েছেন কৃষকরা। চলতি মৌসুমে চাষিরা তাদের উৎপাদিত মরিচ বিভিন্ন আড়তে কেজি প্রতি বিক্রি করছেন ১৭০ টাকা থেকে ১৮০ টাকা।

আর সেই মরিচ খুচরা ব্যবসায়িদের কাছে বিক্রি করা হচ্ছে ১৮৫ টাকা। ব্যবসায়িরা বিভিন্ন হাটে বাজারে সাধারণ ক্রেতাদের কাছে মরিচ বিক্রি করছেন ২৪০ টাকা থেকে ২৫০ টাকায়। গত শনিবার গাংনী ও সোমবার বামন্দী আড়তে চাষিরা মরিচ বিক্রি করেন কেজি প্রতি ২১০ টাকায়। এলসি মরিচ আমদানীর আভাস পেয়ে আড়তে চাষিদেরকে মরিচের দাম কেজি প্রতি দেয়া হয় ১৮০ টাকা।

গাংনীর জোড়পুকুর গ্রামের মরিচ চাষি খোকন জানান, তিনি চলতি মৌসুমে ৫ বিঘা জমিতে মরিচ চাষ করেছেন। গেল বছর আড়াই বিঘা জমিতে মরিচ চাষ করছিলেন। মরিচের দাম বৃদ্ধি পাওয়ায় তিনি বেশ খুশি। তবে এলসি মরিচ বাজারে আসলে দাম অস্বাভাবিক ভাবে কমে যেতে পারে বলে আশঙ্কা করছেন তিনি। সোমবার কেজি প্রতি ৩০ টাকা কম পেয়েছেন আড়তে মরিচ বিক্রি করে। এতে মরিচ বিক্রি করে উৎপাদন খরচ উঠবেনা বলেও জানান এই চাষি। একই কথা জানান সাহারবাটি গ্রামের মরিচ চাষি হিটু

মিয়া ।

গাংনীর কাচা বাজারের আড়ৎদার রিপন আলী জানান, প্রতিদিন জেলার বিভিন্ন আড়ৎ থেকে ৫০ টনের অধিক কাঁচা মরিচ রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে রপ্তানী করা হয়। চাষিরা আড়তে মরিচ বিক্রি করছেন এবং ভাল দাম পাচ্ছেন। আড়ৎদাররাও বেশ লাভবান হচ্ছেন। তবে বাজারে কাঁচামরিচের সরবরাহ স্বাভাবিক এবং দাম নাগালের মধ্যে রাখতে বাজারে ◌্এলসি কাঁচামরিচ আমদানী করা হবে বলেও জানান তিনি।

গাংনীর হ্যাপি নাইচ কাচাবাজারের স্বত্ত্বাধিকারী আব্দুস সামাদ জানান, এলসি মরিচ আমদানী করার সময় চাপে নষ্ট হয়ে যায়। আমদানী খরচ উঠাতে বেশি দামে বিক্রি করতে হয় অনেক সময়। এতে বাজারে মরিচের দাম আগের মতোই থাকতে পারে। তবে খুচরা বাজারের ব্যবসায়িরা সিন্ডিকেট করে দাম বৃদ্ধি করে। এক্ষেত্রে বাজার মনিটরিং করা প্রয়োজন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ জানান, বাজারের দাম স্থীতিশীল রাখতে নিয়মিত মনিটরিং করার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

গাংনী উপজেলা কৃষি অফিসারকে কে এম শাহাবুদ্দীন আহমেদ জানান, চাষিরা তাদের উৎপাদিত মরিচের দাম পাওয়ায় অনেকেই আগ্রহী হয়ে উঠেছে মরিচ চাষে। তবে এলসি মরিচ বাজারে আসলে চাষিদের মাঝে কোন প্রভাব পড়বে না।

জাপানে টাইফুনে কার্গো জাহাজ ডুবি, ৪৫ নাবিক ও ৬০০০ গবাদিপশু নিখোঁজ

জাপানে শক্তিশালী টাইফুন মেসাকের কবলে পড়া একটি কার্গো জাহাজ থেকে নিখোঁজ হওয়া একজনকে উদ্ধার করা হয়েছে। তিনি লাইফ জ্যাকেট পরে থাকায় পানিতে ভেসে ছিলেন। এ ছাড়া জাহাজের ৪৫ নাবিক নিখোঁজ রয়েছেন। জাহাজে ৬ হাজার গবাদি পশুও ছিল, যেগুলো নিখোঁজ রয়েছে।

নিখোঁজদের মধ্যে ৩৯ জন ফিলিপিন্সের, দু’জন অস্ট্রেলিয়ার এবং

নিউজিল্যান্ডের নাগরিক।

জাপানের কোস্টগার্ডের তথ্য মতে, উদ্ধার হওয়া ব্যক্তি ফিলিপিন্সের নাগরিক। ডুবে যাওয়া জাহাজটি ঝড়ের কবলে পড়ার আগেই ইঞ্জিন বিকল হয়ে পড়ে। বুধবার (২ সেপ্টেম্বর) রাতে জাহাজটি দক্ষিণ-পশ্চিম জাপানের আমামি ওশীমা দ্বীপের পশ্চিম থেকে একটি বিপদ সংকেত পাঠিয়েছিল।

ঝড়ো বাতাস এবং টাইফুনের প্রভাবে উদ্ধার কাজ ব্যাহত হচ্ছে বলে জানা গেছে। এদিকে, সাগরে নিখোঁজ ব্যক্তিদের সম্পর্কে তথ্য প্রদানে তাদের পরিবারকে সহায়তা দিচ্ছে অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ড সরকার।

১১ হাজার ৯৪৭ টনের ‘গাল্ফ লাইভস্টক-১’ জাহাজটি পূর্ব চীন সাগরের দীকে দুর্ঘটনার কবলে পড়ে। নিখোঁজ কার্গোটির সন্ধানে উদ্ধারকারী বিমান ও জাহাজ নিয়ে গভীর সাগরে তল্লাশি চালাচ্ছেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

সূত্র : বিবিসি

যে কারণে ভারতে তোপের মুখে ফেসবুক

ভারতে ফেসবুক কোন বিশেষ রাজনৈতিক দলের প্রতি পক্ষপাত দেখাচ্ছে এবং ঘৃণা ও বিদ্বেষমূলক প্রচারণায় সহায়তা করছে বলে যে অভিযোগ উঠেছে, সেজন্যে ফেসবুকের শীর্ষ নির্বাহীদের বুধবার এক পার্লামেন্টারি কমিটির সামনে এসে তার জবাবদিহি করতে হচ্ছে।

ক্ষমতাসীন ভারতীয় জনতা পার্টি (বিজেপি) ঘৃণা এবং বিদ্বেষমূলক প্রচারণার বিষয়ে ফেসবুকের নিয়মনীতি লঙ্ঘন করে গেলেও ফেসবুক বিজেপির বিরুদ্ধে কোন ব্যবস্থাই নিচ্ছে না বলে অভিযোগ করা হচ্ছে।

তবে ভারতে ফেসবুকের বিরুদ্ধে বিজেপি পাল্টা অভিযোগ করে বলছে,

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধ পক্ষের প্রতি ফেসবুক পক্ষপাত দেখাচ্ছে। ফেসবুক দুই তরফ থেকে আসা অভিযোগই অস্বীকার করেছে।

এই অভিযোগ এবং পাল্টা অভিযোগের মধ্যে পড়ে ভারতে ফেসবুক বেশ বিপাকে আছে । ভারতে ফেসবুকের ব্যবহারকারী প্রায় ৩০ কোটি। তাদের মালিকানাধীন হোয়াটসঅ্যাপের ব্যবহারকারী আরও বেশি, ৪০ কোটি। কাজেই বলা যেতে পারে এই সোশ্যাল মিডিয়া কোম্পানির জন্য ভারত হচ্ছে বিশ্বের সবচেয়ে বড় বাজার।

ফেসবুকের বিরুদ্ধে এই অভিযোগের কথা প্রথম ফাঁস হয় যুক্তরাষ্ট্রের ওয়াল স্ট্রিট জার্নালে প্রকাশিত এক রিপোর্টে। তবে ফেসবুক দাবি করছে, তারা তাদের প্ল্যাটফর্মে ঘৃণা-বিদ্বেষ প্রচারের কোন সুযোগ দেয় না।

বিবিসিকে এক ইমেইলে ফেসবুক এ প্রসঙ্গে জানিয়েছে, “যে ধরণের কথা ঘৃণা-বিদ্বেষ ছড়ায় বা সহিংসতায় উস্কানি দেয়, আমরা সেসব কথা নিষিদ্ধ করেছি। আমাদের এই নীতি কার্যকর আছে গোটা বিশ্বেই। কার কি রাজনৈতিক অবস্থান বা কোন দলের সঙ্গে সম্পর্ক, সেগুলো বিবেচনা না করেই আমরা এই নীতি প্রয়োগ করি।”

কিন্তু ওয়াল স্ট্রিট জার্নালের এক অনুসন্ধানী রিপোর্টের পর ভারতে ফেসবুকের ভূমিকা নিয়ে ব্যাপক বিতর্ক তৈরি হয়। এই বিতর্কের পটভূমিতেই আজ পার্লামেন্টারি কমিটির সামনে ফেসবুকের নির্বাহীদের তলব করা হয়েছে। ভারতে ফেসবুকের ‘হেড অব বিজনেস’ অজিত মোহান আজ ৩০ সদস্যের পার্লামেন্টারি কমিটির সামনে হাজির হবেন বলে আশা করা হচ্ছে।

এই কমিটিতে ভারতের সব রাজনৈতিক দলের এমপিরাই আছেন। তবে এটির প্রধান হচ্ছেন বিরোধী দল কংগ্রেসের একজন স্পষ্টভাষী এমপি শশী থারুর। পার্লামেন্টারি কমিটির শুনানি হবে রুদ্ধদ্বার বৈঠকে। সেখানে ‘নাগরিকদের অধিকারের সুরক্ষা’ এবং ‘সোশ্যাল/অনলাইন সংবাদ মাধ্যমের’ ব্যাপারে ফেসবুকের নীতি নিয়ে কথাবার্তা হবে।

সূত্র : বিবিসি বাংলা।

পরিবারের সকল সদস্যসহ করোনায় আক্রান্ত হয়েছিলেন ‘দ্য রক’

সপরিবারে প্রাণঘাতী করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছিলেন দ্য রক খ্যাত সাবেক রেসলার ও হলিউড অভিনেতা ডোয়াইন জনসন। সামাজিক যোগাযোগ মাধ্যম ইন্সটাগ্রাম ভিডিওতে নিজেই এমনটি জানান বিশ্বের সর্বোচ্চ পারিশ্রমিক পাওয়া অভিনেতা ডোয়াইন জনসন।

জানা গেছে, ৪৮ বছর বয়সী অভিনেতা ডোয়াইন জনসন তার স্ত্রী লরেন এবং কন্যা জেসমিন ও টিয়ানার করোনা পরীক্ষার ফল পজিটিভ আসে। ১১ মিনিটের সেই ভিডিও প্রকাশ করে সেখানে তিনি জানান, তিনি ছাড়াও তার স্ত্রী লরেন হাশিয়ান এবং দুই মেয়ে জেসমিন (৪) ও টিয়ানা (২) এ ভাইরাসে আক্রান্ত হয়েছিলেন। তবে এখন তারা সুস্থ আছেন এবং তাদের আর করোনা নেই।

ইন্সটাগ্রামে ডোয়াইন জনসন বলেন. আমি আপনাদের বলতে পারি যে পরিবার হিসাবে এটি সহ্য করা আমাদের সবচেয়ে চ্যালেঞ্জিং এবং কঠিন বিষয় ছিলো। খুব বাজেভাবে আহত হওয়ার চেয়েও কঠিন হলো করোনায় পজিটিভ হওয়া।
ফোর্বসের বার্ষিক সর্বোচ্চ পারিশ্রমিক পাওয়া অভিনেতাদের তালিকায় শীর্ষে রয়েছেন ডোয়াইন জনসন। ২০১৯ সালের ১ জুন থেকে ২০২০ সালের ১ জুন পর্যন্ত আয়ের ভিত্তিতে এই প্রতিবেদন তৈরি করেছে ফোর্বস।

সাবেক রেসলার ডোয়াইন জনসন গত এক বছরে ৮৭.৫ মিলিয়ন ডলার আয় করেছেন। এর মধ্যে নেটফ্লিক্সে নিজের পরবর্তী মুভি ‘রেড নোটিশ’র জন্য পেয়েছেন ২৩.৫ মিলিয়ন ডলার। এছাড়া নিজের প্রোডাকশন কোম্পানি এবং আন্ডার আর্মারের সঙ্গে চুক্তি থেকে এই অর্থ আয় করেছেন জনসন।

সূত্র- বিডি-প্রতিদিন

পুরুষ জাতীয় দলের সমান বেতন পাবে ব্রাজিল নারী দলের ফুটবলাররা

ব্রাজিলের পুরুষ জাতীয় দলের মতো নারী জাতীয় দলের ফুটবলাররাও সমান বেতন পাবে বলে জানিয়েছে দেশটির ফুটবল সংস্থা (সিবিএফ)। সিবিএফ প্রেসিডেন্ট রোজারিও কাবোক্লো জানিয়েছেন, গত মার্চ থেকে এই ব্যবস্থা নেওয়া হয়েছিল।

নারী ও পুরুষ ফুটবল দলের মধ্যে খেলোয়াড়দের সমান পুরস্কার এবং দৈনিক ভাতা দেওয়ার চিন্তা করেছে সিবিএফ।

রোজারিও কাবোক্লো আরও জানান, একজন পুরুষ খেলোয়াড় জাতীয় দলে ডাক পাওয়ার পর যা কিছু পায় তার সমান পাবে নারী জাতীয় দলে ডাক পাওয়া ফুটবলাররাও।

এটা বিশ্বকাপ এবং অলিম্পিকের মতো আন্তর্জাতিক আসরে পারফর্ম্যান্সের ভিত্তিতে প্রযোজ্য হবে। ব্রাজিল দলে আর লিঙ্গ বৈষম্য থাকছে না। ব্রাজিলে পুরুষ ফু্টবলারদের যে চোখে দেখবে একই চোখে দেখবে নারী ফুটবলারদের সিবিএফ।

সূত্র- বিডি প্রতিদিন

শিমুলিয়া-কাঁঠালবাড়ি নৌপথে ফেরি চলাচল বন্ধ

মুন্সিগঞ্জের শিমুলিয়া-কাঁঠালবাড়ি নৌপথে ফেরি চলাচল বন্ধ করে দিয়েছে সংশ্লিষ্ট ঘাট কর্তৃপক্ষ। নাব্যতা সংকটের কারণে

বৃহস্পতিবার সকাল সাড়ে ৭টা থেকে ফেরি চলাচল বন্ধ রাখা হয়।

শিমুলিয়া ঘাটের বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশনের (বিআইডব্লিউটিসি) ব্যবস্থাপক সাফায়েত আহমেদ জানান, নাব্যতা সংকটের কারণে সকাল সাড়ে ৭টা থেকে এ নৌরুটে ফেরি চলাচল বন্ধ রাখা হয়েছে।

সকাল ৬টার দিকে কলমিলতা ফেরি যাত্রী ও যানবাহন নিয়ে ছেড়ে গিয়েছিল এরপর পথিমধ্যে চ্যানেলে নাব্যতা সংকটের কারণে আবার ঘাটে ফিরে আসে। বর্তমানে প্রায় চার শতাধিক গাড়ি পারের অপেক্ষায় আছে শিমুলিয়া ঘাটে।

সূত্র- বিডি প্রতিদিন

জেএসসি-জেডিসির বিকল্প পরীক্ষার নির্দেশ

মহামারী করোনাভাইরাসের কারণে পরিবর্তীত পরিস্থিতিতে কেন্দ্রীয়ভাবে জেএসসি ও জেডিসি পরীক্ষা হবে না। তবে বিকল্প হিসেবে এবার অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের নিজ নিজ বিদ্যালয়ে মূল্যায়ন করে তাদের নবম শ্রেণিতে উত্তীর্ণ করা হবে বলে জানা গেছে।

মঙ্গলবার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক এবং সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যাদের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে চিঠি দিয়ে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানানো হয়।

এর পরিপ্রেক্ষিতে ঢাকা বোর্ড বুধবার শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের চিঠি দিয়ে, করোনা সংক্রমণের সার্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২০ সালের জেএসসি-জেডিসি পরীক্ষা না নিয়ে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়নের ভিত্তিতে নবম শ্রেণিতে উন্নীত করার নির্দেশ দেওয়া হয়েছে।

চিঠিতে এ বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে যথাসময়ে নির্দেশনা দেওয়া হবে বলেও উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য, করোনাভাইরাসের কারণে গত ১৭ মার্চ থেকে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রেখেছে সরকার। সর্বশেষ কিছুদিন আগে এই ছুটির মেয়াদ ৩ অক্টোবর পর্যন্ত বর্ধিত করা হয়।

সূত্র- বিডি প্রতিদিন

‘ভিয়েতনামপ্রবাসীরা অপরাধে অভিযুক্ত ছিলেন না, অথচ জেলে পাঠানো হলো’

ভিয়েতনাম প্রবাসীরা অপরাধে অভিযুক্ত ছিলেন না, অথচ জেলে পাঠানো হলো। ভিয়েতনাম ফেরত প্রবাসীদের কারাগারে পাঠানোর ঘটনায় প্রতিক্রিয়া জানিয়ে গণমাধ্যমে পাঠানো বিবৃতিতে নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্না একথা বলেন।

সংগঠনের কেন্দ্রীয় সদস্য সাকিবের সাক্ষরিত পাঠানো বিবৃতিতে মান্না বলেন, ১ সেপ্টেম্বর বৈদেশিক মুদ্রার রিজার্ভ প্রথমবারের মতো ৩৯ বিলিয়ন ডলার ছাড়িয়েছে। আর এদিনই ভিয়েতনামফেরত ৮১ প্রবাসীকে জেলে পাঠানো হলো। সাথে রয়েছে কাতারপ্রবাসী আরও দুইজন।

তিনি বলেন, একটা সরকার কতটা অমানবিক হলে অপরাধীদের বাঁচাতে নির্যাতনের শিকার মানুষকে জেলে পুরে রাখতে পারে। এই ৮১ জনের প্রত্যেকে চার থেকে সাড়ে চার লাখ টাকা খরচ করে বিদেশে যাওয়ার জন্য যত নিয়ম-কানুন আছে সব প্রক্রিয়া শেষ করে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ছাড়পত্র নিয়ে ভিয়েতনামে যান। প্রতারণার শিকার এই প্রবাসীরা ভিয়েতনামের বাংলাদেশ দূতাবাসে গিয়েছিলেন প্রতিকারের আশায়। আর সেটিকে দূতাবাস দখলের চেষ্টা বলে সাংবাদিকদের জানিয়েছিলেন খোদ পররাষ্ট্রমন্ত্রী। কী বিস্ময়কর

ঘটনা!

তিনি বলেন, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন আইন ২০১৩ অনুযায়ী, বিদেশে কোনো সমস্যা হলে প্রবাসীরা নিজ দেশের দূতাবাসে যাবেন, সেটাই স্বাভাবিক। অথচ বলা হলো, এরা দূতাবাস দখল করতে গেছে। এ ঘটনার সাথে জড়িত দালাল, এজেন্সি বা জনশক্তি প্রশিক্ষণ ও কর্মসংস্থান ব্যুরোর সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের ব্যাপারে কোনো ব্যবস্থা নেয়া হয়নি। ভুক্তভোগীদের জেলে পাঠানো হলো।

মান্না বলেন, এর আগে কুয়েত, কাতার ও বাহরাইন থেকে আসা ২১৯ জনকে দিয়াবাড়ির কোয়ারেন্টাইন সেন্টার থেকে জেলে নেয়ার সময় যে অভিযোগ আনা হয়েছিল, এবারও সেই একই অভিযোগ আনা হয়েছে। প্রতিটি শব্দ, বাক্য, একই। সেই একই অভিযোগ, কোয়ারেন্টাইনে থাকা অবস্থায় দেশের ভাবমূর্তি ক্ষুন্ন করার খবর জানতে পেরেছে। পত্রিকান্তরে প্রকাশ, সেই মামলার এজাহার আর এবারের মামলার এজাহার হুবহু এক, এমনকি বানান এবং বাক্যবিন্যাসের ভুলগুলোও।

তিনি বলেন, মধ্যপ্রাচ্য থেকে আসা অভিবাসীরা বিভিন্ন অপরাধে সেখানে জেলে থাকলেও ভিয়েতনাম থেকে ফেরত আসাদের কেউই সেদেশে কোনো অপরাধে অভিযুক্ত বা কারাগারে ছিলেন না। দেশে এসে তারা হঠাৎ করে অপরাধী হয়ে গেল। ভিয়েতনামফেরত প্রবাসীরা দালালচক্রের হোতা, জড়িত রিক্রুটিং এজেন্সি এবং এদের সাথে কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কতিপয় কর্মকর্তা এবং দূতাবাসের সুসম্পর্কের কথা বারবার বললেও তাদের ব্যাপারে কোনো ধরনের ব্যবস্থা নেয়া হয়নি।

সূত্র- বিডি-প্রতিদিন

গাংনীতে গৃহবধুর আত্মহত্যা

মেহেরপুরের গাংনীতে রহিমা খাতুন (৫৩) নামের এক গৃহবধু আত্মহত্যা করেছে।

বুধবার দুপুরে ঢাকা নেওয়ার পথে তার মৃত্যু হয়। রহিমা খাতুন বাওট

গ্রামের দবিরের স্ত্রী।

স্থানীয়রা জানান,পারিবারিক কোলহের জেরে মঙ্গলবার সকালে বিষপান করে অসুস্থ হয়ে পড়ে। তাকে চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয়। সেখানে তার অবস্থার অবনতি হলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে। এ্যাম্বুলেন্স যোগে ঢাকা যাওয়ার পথে তার মৃত্যু হয়।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।